আমার মাথা নত করে দাও হে তোমার চরণধুলার তলে ।
সকল অহংকার হে আমার ডুবাও চোখের জলে ॥
নিজেরে করিতে গৌরব দান নিজেরে কেবলি করি অপমান,
আপনারে শুধু ঘেরিয়া ঘেরিয়া ঘুরে মরি পলে পলে ।
সকল অহংকার হে আমার ডুবাও চোখের জলে ॥
আমারে না যেন করি প্রচার আমার আপন কাজে,
তোমারি ইচ্ছা করো হে পূর্ণ আমার জীবনমাঝে ।
যাচি হে তোমার চরম শান্তি, পরানে তোমার পরম কান্তি,
আমারে আড়াল করিয়া দাঁড়াও হৃদয়পদ্মদলে ।
সকল অহংকার হে আমার ডুবাও চোখের জলে ॥

---

Parjaay: Puja, Taal: Teyora, Raag: Iman Kayan

Visit www.geetabitan.com for notation and other detail